69

তারিখ ... DEC. 2...
পৃষ্ঠা ১৩ কলাম ৬

# চট্টগ্রাম ভার্সিটিতে লাগাতার অবরোধ অব্যাহত

চট্টগ্রাম অফিস ॥ ছাত্রলীগ ও ছাত্র শিবিরের আহবানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে লাগাতার অবরোধ কর্মসূচীর ২য় দিনে গতকাল মঙ্গলবার ক্যাম্পাসে কোন একাডেমিক কার্যক্রম ও যানবাহন চলাচল করে নাই। অবরোধের কারণে বিশ্ববিদ্যালয় কলেজ ও স্কুলের নির্ধারিত পরীক্ষাসমূহও অনুষ্ঠিত হয় নাই। ছাত্রলীগ তাহাদের নেতা-কর্মীদের মুক্তি, দুই শিবির হত্যাকাণ্ডের সহিত জড়িত করিয়া দায়েরকৃত মামলা প্রত্যাহার ও বিশ্ববিদ্যালয়ের হলসমূহ খুলিয়া দেওয়ার দাবীতে লাগাতার অবরোধ কর্মসূচী আহবান করিয়াছে। অপরদিকে ছাত্র শিবির গত ১৯শে ডিসেম্বর ক্যাম্পাসে রহিম উদ্দিন ও মাহমুদুল হাসান হত্যাকারী ছাত্রলীগের সন্ত্রাসীদের গ্রেফতারের দাবীতে লাগাতার অবরোধ কর্মসূচী আহবান করিয়াছে। অবরোধ চলাকালে ছাত্রলীগ কর্মীরা বিশ্ববিদ্যালয় ১ নং গেইট সংলগ্ন রেল ষ্টেশন এলাকায় এবং ছাত্রশিবির ক্যাম্পাসে অবস্থান নেয়। ১ নং রেল ষ্টেশন চত্বরে ছাত্রলীগের উদ্যোগে মোহাম্মদ কলিমের সভাপতিত্বে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। অপরদিকে ছাত্র শিবিরের উদ্যোগে বিশ্ববিদ্যালয় একাডেমিক ভবনের সম্মুখে মুজিবুর রহমান মঞ্জুর সবাপতিত্বে এবং পরিবহন অফিসের সম্মুখে আবদুল হান্নানের সভাপতিত্বে সমাবেশ অনুষ্ঠিত হয়।